যুগান্তর

তারিখ NOV 07 2006
পৃষ্ঠা ২০ কলাম ৬

# মওলানা ভাসানী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি তদন্তে ইউজিসির কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যাপক অনিয়ম ও দুর্নীতি তদন্ত করবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ লক্ষ্যে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী সপ্তাহে তদন্ত টিম সরেজমিন পরিদর্শনে টাঙ্গাইল যাবে বলে ইউজিসি সূত্রে জানা গেছে।

তিন সদস্যের তদন্ত টিমের আহ্বায়ক করা হয়েছে ইউজিসির সদস্য প্রফেসর ড. মাহবুব উল্লাহকে। অপর দুই সদস্য হলেন ইউজিসির সদস্য প্রফেসর ড. শামসুর রহমান ও উপ-পরিচালক (বিশ্ববিদ্যালয়) মোহাম্মদ খালেদ। সূত্র জানায়, বর্তমান উপাচার্যের দায়িত্ব গ্রহণের পর বিশ্ববিদ্যালয়ে অনিয়ম ও দুর্নীতির মাত্রা বহুগুণে বেড়ে যায়। ইউজিসির অনুমোদন না নিয়েই ১৯০ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেয়া হয়। ২৯ জুন ইউজিসিকে এসব বিষয় অবহিত করে চলতি অর্থবছরের জন্য অতিরিক্ত ১ কোটি ৮৪ লাখ টাকা বরাদ্দ দেয়ার আবেদন করে। কমিশন এ আবেদন প্রত্যাখান করে।